

ঢাকা ওয়াসা

- ২/ ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ২/ আলোচ্য কাজের জন্য সংগৃহীত কোটেশন দরের কপি।
 ৬/ আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট।
 ৪/ আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Disassembling, repairing, cleaning, servicing & installation of 02 (Two) Nos Cooling Tower related works কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট একটি জনগুরুত্বপূর্ণ জনসেবামূলক বাণিজ্যিক প্রতিষ্ঠান। “শান্তি” বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের মাধ্যমে ২৫০ মি:লি:, ০.৫ লিটার, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০লিটার, ৫ লিটার সাইজের বোতলজাত পানি উৎপাদন ও বিক্রয় এবং ২০ লিঃ জারে পানি ফিলিং ও বিক্রয় করা হয়। অত্র প্ল্যান্ট হতে বিভিন্ন সাইজের বোতল পানির চাহিদা অনেক বৃদ্ধি পেয়েছে এবং চাহিদা মোতাবেক সরবরাহ করা হচ্ছে। সম্প্রতি ০২(দুই)টি কুলিং টাওয়ার এর নানাবিধ ত্রুটির কারণে মাঝেমধ্যে বন্ধ হয়ে যাচ্ছে। কুলিং টাওয়ার ০২(দুই)টি বহু পুরাতন হওয়ায় বর্তমানে ইনজেকশন মেশিন হতে প্রিফর্ম উৎপাদন কমে যাওয়ায় চাহিদা অনুযায়ী উৎপাদন করা সম্ভব হচ্ছে না। জরুরি ভিত্তিতে কুলিং টাওয়ার ০২(দুই)টির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে বিভিন্ন সাইজের বোতলজাত পানি চাহিদা অনুযায়ী উৎপাদন করা প্রয়োজন।

০২। তাই প্ল্যান্টের উৎপাদন সচল রাখার স্বার্থে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশনের (ক্রমিক-২ দ্রঃ) উপর ভিত্তি করে প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রমিক-৩ দ্রঃ)। আলোচ্য কাজে ব্যয়ের পরিমান ২৪,৭০০.০০০/- (চব্বিশ হাজার সাতশত দশমিক শূন্য টাকা মাত্র) টাকা। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-45 হতে নির্বাহ করা যেতে পারে। DoFP অনুযায়ী অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2025 এর ১০০(১) বিধি অনুসরণে সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। পরবর্তীতে আলোচ্য কাজের প্রকৃত ব্যয় সমূহ ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০৪। এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদ নং - ০১ হতে ০৩ এর বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে Disassembling, repairing, cleaning, servicing & installation of 02 (Two) Nos Cooling Tower related works কাজটির উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।

ক। উল্লেখিত কাজে ২৪,৭০০.০০০/- (চব্বিশ হাজার সাতশত দশমিক শূন্য টাকা মাত্র) টাকা প্রাক্কলনটির অনুমোদন।

খ। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-45 হতে নির্বাহ করার অনুমোদন।




গ। উক্ত কাজটি উপরোক্ত শর্তাবলীসহ PPR-2025 এর ১০০(১) বিধি অনুসরণে সরাসরি নগদ ক্রয় পদ্ধতি এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

ঘ। সংশ্লিষ্ট কাজের প্রকৃত ব্যয় সমূহ ডাউচারের মাধ্যমে সমন্বয়ের কাজটি Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

19/5/2026 মোহাম্মদ রাকিব সাদমান
সহকারী প্রকৌশলী
বোপাউপ্র্যা, ঢাকা ওয়াসা।
মোহাম্মদ তৈয়ব উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
বোপাউপ্র্যা, ঢাকা ওয়াসা।

19-05-2026

প্রকৌশলী মোঃ জয়নাল আবদীন
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্র্যা, ঢাকা ওয়াসা।

০৫/৫/২০

০২। স্বাক্ষর অনুমোদিত,

AM, BWPP

শওকত মাহমুদ
২১/০৬/২৬
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।